

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ফেনী সদর, ফেনী।

স্মারক নং: ৩৩.০২.৩০২৯.৫০১.২০.০০১.১৪.৭৯


তারিখ: ১৪/০৮/২০২৫ খ্রি.

বিষয়: মৎস্য খাতে ক্ষুদ্রঋণ প্রদানের জন্য মৎস্যচাষীদের নিকট হতে আবেদন আহবান প্রসঙ্গে।

সূত্র: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফেনী সদর, ফেনী এর বিজ্ঞপ্তি স্মারক নং - ৩৩.০২.৩০২৯.৫০১.২০.০০১.১৪.৭৯
তারিখ-০৫/০৮/২০২৫ খ্রি.

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত বিজ্ঞপ্তি মোতাবেক অত্র কার্যালয় হতে মৎস্য খাতে ক্ষুদ্রঋণ প্রদানের
জন্য আগ্রহী ও উপযুক্ত মৎস্যচাষীদের নিকট হতে আবেদন আহ্বান করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি আপনার সদয় অবগতি এবং প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ০১ (এক) পাতা।


উত্তম বনিক

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফেনী সদর, ফেনী।


জেলা মৎস্য কর্মকর্তা
ফেনী।

স্মারক নং: ৩৩.০২.৩০৪১.৫০১.২০.০২০.১৮.৭৯/১(১৫)

তারিখ: ১৪/০৮/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। উপপরিচালক (মৎস্য চাষ), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ৪। প্রশাসক, উপজেলা পরিষদ ফেনী সদর, ফেনী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ফেনী সদর, ফেনী।
- ৬। উপজেলা..... কর্মকর্তা (সকল) ফেনী সদর, ফেনী।
- ৭। খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার ফেনী সদর, ফেনী।
- ৮। প্রশাসক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইউনিয়ন পরিষদ (সকল), দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ফেনী সদর ফেনী (বহল
প্রচারের অনুরোধসহ)।
- ৯। ছাত্র প্রতিনিধি..... পৌরসভা/ইউনিয়ন পরিষদ (সকল), ফেনী সদর, ফেনী।
- ১০। সভাপতি/সম্পাদক, প্রেসক্রাব, ফেনী সদর ফেনী (বহল প্রচারের অনুরোধসহ)।
- ১১। নোটিশ বোর্ড (সকল)/ওয়েব পোর্টাল।
- ১২। সংশ্লিষ্ট নথি।


উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.)
ফেনী সদর, ফেনী।

বিজ্ঞপ্তি

মৎস্য খাতে ক্ষুদ্রঋণ প্রদানের জন্য মৎস্যচাষীদের নিকট হতে আবেদন আহ্বান প্রসঙ্গে।


সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় হতে মৎস্য খাতে ক্ষুদ্রঋণ প্রদানের জন্য আগ্রহী ও উপযুক্ত মৎস্যচাষীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনের সর্বশেষ তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:

আবেদনপত্র প্রাপ্তিস্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফেনী সদর, ফেনী।

শর্তাবলীঃ

১. ফেনী সদর এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে (আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট পৌরসভা/ পরিষদের প্রশাসক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।
২. নিজস্ব মালিকানা বা ইজারার মাধ্যমে কমপক্ষে ২০ শতাংশ জলাশয়ের ভোগ দখলদার হতে হবে। (আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট জলাশয়ের নামজারি খতিয়ান এবং খাজনা পরিশোধের রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে)।
৩. ইজারাকৃত জলাশয়ের ক্ষেত্রে রেজিস্টার্ড ইজারা চুক্তি নামা সংযুক্ত করতে হবে।
৪. বহু মালিকানাধীন জলাশয়ের ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃক পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. আবেদনকারী এবং আবেদনকারীর পিতা/মাতা/সন্তান জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মোবাইল নাম্বার প্রদান করিতে হইবে।
৬. নিশ্চয়তা প্রদানকারীর (গ্যারেন্টার) এর জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নাম্বার প্রদান করতে হবে।
৭. আবেদন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক গৃহীত হলে আবেদন কারী নিজ নামে পরিচালিত বাংলাদেশের যে কোনো তফসিলী ব্যাংকের হিসাব নাম্বার সহ ০১ টি তারিখ বিহীন এমআইসিআর চেক(চুক্তিপত্রে সংশ্লিষ্ট চেকের বিবরণ বিষয় উল্লেখ থাকবে) প্রদান করতে হবে।
৮. আবেদন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক গৃহীত হলে নিশ্চয়তা প্রদানকারীর (গ্যারেন্টার) নিজ নামে পরিচালিত বাংলাদেশের যে কোনো তফসিলী ব্যাংকের হিসাব নাম্বার সহ ০১ টি তারিখ বিহীন এমআইসিআর চেক(চুক্তিপত্রে সংশ্লিষ্ট চেকের বিবরণ উল্লেখ থাকবে) প্রদান করতে হবে।
৯. মৎস্য খাতে ক্ষুদ্রঋণ কর্মসূচি সংক্রান্ত নির্দেশিকা-২০১১ এর অর্ন্তভুক্ত (ক) আবেদনপত্রের নমুনা (খ) প্রকল্প প্রণয়ন ছক (গ) প্রকল্প প্রাক্কলনের নমুনা (ঘ) অঞ্জীকারনামা/চুক্তিনামার নমুনা ছক (চ) অঞ্জীকারনামা/ডিমান্ড প্রমিসরী নোট যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
১০. আবেদনকারী বর্তমানে অন্য কোনো সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান / সংস্থা থেকে ঋণ গ্রহন করে নাই এই মর্মে অঞ্জীকারনামা প্রদান করিতে হইবে।
১১. আবেদনকারী মৃত্যু/নিরুদ্দেশ হলে নিশ্চয়তা প্রদানকারীর (গ্যারেন্টার) কে সমুদয়/অবশিষ্ট ঋণ এবং সার্ভিস চার্জ জমা প্রদান করবে মর্মে অঞ্জীকারনামা প্রদান করতে হইবে।
১২. ব্যক্তির ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা ৫০,০০০.০০ (পঞ্চাশ) হাজার টাকা গ্রুপের ক্ষেত্রে জলাশয়ের আয়তন ২ একর এর বেশি হলে ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।
১৩. ঋণ গ্রহীতার নিকট হইতে পরিচালনা ব্যয় বাবদ প্রদত্ত ঋণ এর মূলধনের উপর ৫% সরল হারে সার্ভিস চার্জ আদায় করা হবে।
১৪. উপজেলা মৎস্য ঋণ কমিটি কোনো প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



উজ্জল বনিক

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফেনী সদর, ফেনী।